

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৩৬৮  
আমবাসা, ১৬ অক্টোবর, ২০২৩

**মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা**  
**লংতরাইভ্যালী মহকুমায় ৪,১১৭ জন মৎস্যজীবীকে সহায়তা**

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে লংতরাইভ্যালী মহকুমায় ৪ হাজার ১১৭ জন মৎস্যজীবীকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় সুবিধাভোগীদের ৫০০টি করে বিভিন্ন প্রজাতির মাছের পোনা দেওয়া হয়েছে। এজন্য ৪০ লক্ষ ৬ হাজার টাকা ব্যয় হয়েছে। এতে মহকুমার ৩২৯.৩৬ হেক্টর জলাশয় মাছচাষের আওতায় এসেছে। তাছাড়াও এই যোজনায় কমলপুর মহকুমার ১ হাজার ৩৮১ জন মৎস্যজীবীকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১৩ লক্ষ ৫৭ হাজার টাকা। এই যোজনায় কমলপুর মহকুমায় ১১০.৪৮ হেক্টর জলাশয় মৎস্যচাষের আওতায় এসেছে। এই যোজনায় সুবিধাভোগীদের ৫০০টি করে বিভিন্ন প্রজাতির মাছের পোনা দেওয়া হয়েছে।

\*\*\*\*\*